

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩১৭১

অমরপুর, ২৪ মার্চ, ২০২৫

অমরপুরে জেলাভিত্তিক বিশ্ব যক্ষ্মা দিবস উদযাপন

স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আজ অমরপুর পুরাতন টাউনহলে গোমতী জেলাভিত্তিক বিশ্ব যক্ষ্মা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে গোমতী জিলাপরিষদের সভাপতি দেবল দেবরায় বলেন, প্রধানমন্ত্রী টিবিমুক্ত দেশ গঠন করার ডাক দিয়েছেন। প্রধানমন্ত্রীর এই আহ্বানকে সফল করে তোলার জন্য শুধু স্বাস্থ্য দপ্তরকে একা কাজ করলে চলবে না। এজন্য সমাজের সব অংশের মানুষকে সহযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে অমরপুর মহকুমার স্বাস্থ্য আধিকারিক ডা. প্রসেনজিৎ সরকার বলেন, ২০২৫ সালের মধ্যে টিবিমুক্ত ভারত গঠন করার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ চলেছে। এর অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী টিবিমুক্ত ভারত অভিযানের ১০০ দিনের প্রচার অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে। অনুষ্ঠানে টিবি রোগ বিশেষজ্ঞ ডা. সুমিত চক্রবর্তী বলেন, সঠিক সময়ে চিকিৎসা হলে টিবি রোগ এখন নিরাময়যোগ্য। এই বিষয়ে সবাইকে সচেতন করে তুলতে হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর বিএসির চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতি ও বিএসির ভাইস চেয়ারম্যানগণ।

\*\*\*\*\*